

Bodhsandhya
12th Edition
March, 2011

পঞ্চদশ বর্ষ
দ্বাদশ সংখ্যা
মার্চ ২০১১
এস-৪৩৯, থ্রেটার কৈলাশ
পার্ট টু, নিউ দিল্লী - ১১০০৪৮

মুদ্রাক্ষর বিন্যাস, মুদ্রণ
রমা চক্রবর্তী
ডি-৬৩০, চিত্তরঞ্জন পার্ক, নিউ দিল্লী-১১০০১৯
ফোন : ৪১৬০৩৯৯৬ / ৯২১৩১৩৪৪৮৭

পথচলা

তনুকা ভৌমিক এন্দ

চতুর্দিকে 'আমি'র ভিড়ে
হারিয়ে গেছি আমি
সবাই ভাবি আমার কথা
সবার চেয়ে দামী।

দুই 'আমি'তে ঠোকাঠুকি
স্বার্থের সংঘাত
বিশ্বজুড়ে একই ছবি
দেখছি যে দিন-রাত।

চোখের সাথে চোখ মিলে
আর হয় না মনের কথা
উচ্চকিত হাসি লুকায়
গোপন মনের ব্যথা।

বিরামহীন এ হিংসা-দ্বেষের
খুঁজেই মরি হেতু
অনেক-চেনা মনের সাথেও
জুড়তে না পাই সেতু।

বাড়ছে যত ঘরের আকার
দেওয়াল ওঠে তত
অনেকগুলো 'আমি'র কাছে
বিশ্বাস হয় নত।

বিশ্ব যত হাতের মুঠোয়
মানুষ তত দূরে
নানান জনের নানান গলা
মিলছে না এক সুরে।

ডুকরে উঠি 'আমিও আছি'
শুকিয়ে যায় গলা।
অনেকগুলো 'আমি'র ভিড়ে
আমার এ পথ-চলা।

কেন

তনুকা ভৌমিক এন্দ

কেন হাত ধরে নিয়ে গেলে না
সমুদ্রের ধারে?
আছড়ে-পড়া ঢেউয়ের অবিরাম গর্জনে
ডুবে যেত
যান্ত্রিক গানের শব্দ
চাকার ঘর্ষণ
রোবোটিক শহরের প্রদূষণ।

কেন হাত ধরে নিয়ে গেলে না
জঙ্গলের মাঝখানে?
জংলী ফুলের রঙে
রাঙাতাম মন
নিবিড় সবুজের কাছে
করতাম আত্মসমর্পণ।
ঝেড়ে ফেলতাম
নাগরিক প্রাসাদের মোহ-আলিঙ্গন।

কোথায় এলাম
পথ চলতে চলতে?
অণু-পরমাণুকে ভেঙে
গ্রহ-নক্ষত্রকে কাছে টেনে এনে
নিঃস্ব সভ্যতা।
কেন হাত ধরে নিয়ে গেলে না?
কেন?

যাত্রাপথ

তনুকা ভৌমিক এন্দ



করছ শুরু দুজন মিলে
নতুন জীবন আজ —
আজকে শুধুই হাসি-খেলা
থাক পড়ে সব কাজ।
নতুন সাজে বর সেজেছে
লাল শাড়ীতে কনে,
যুগল রূপে মুগ্ধ সবাই
দোল দিয়ে যায় মনে।
চারদিকেতে হৈ চৈ আর
অভ্যাগতের ভিড়
এদের আশিস দিয়ে ভরো
ছেট্ট সুখের নীড়।
মন মাতানো আলোর বাহার
ফুলের মালা কত,
ছেট্ট আশার রঙিন মালা
গাঁথবে মনোমত।
সানাই বাজে মধুর সুরে
মাতাল করে মন,
মনের বীণায় সেই সুরটি
বাজাও সারাক্ষণ
সামনে আছে অনেকটা পথ
রূপকথারই দেশ,
যাত্রাপথে সাথী হবে
মধুর গানের রেশ।

রাজা সোনা : আজকে তোমার বিয়ে বনানী মল্লিক

এই তো সেদিন ছোট্ট ছিলে —
আজকে তোমার বিয়ে,
টোপর মাথায় দিয়ে,
হঠাৎ যেন খুশির ছেঁয়া
লাগল মনে গিয়ে,
শুনে তোমার বিয়ে।
টোপর মাথায় দিয়ে।
খেলার সাথী অনেক ছিল
ছিল খেলার দল,
তবুও যেন মা-ই ছিল
সব নির্ভর স্থল।
মায়ের কোলের ছোট্ট ছেলে
আজকে তোমার বিয়ে
টোপর মাথায় দিয়ে।
নতুন জীবন করবে শুরু
প্রিয় সাথীর সাথে,
মায়ের কথা তবুও যেন
সদাই মনে থাকে।
হৈ ছল্লোড় আশীর্বাদের
বিরাট ঝাঁক নিয়ে,
আজকে তোমার বিয়ে —
টোপর মাথায় দিয়ে।